দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

28

023

তারিখ ... 06 JUL 1989 ...
পৃষ্ঠা ... ১ কলাম ৫ ...



মাধ্যমিক পর্যায়ে প্রতি বিষয়ে তিনটি বই প্রকাশের সিদ্ধান্ত বাতিলের দাবীতে গতকাল টেকস্ট বুক বোর্ড অফিসের সামনে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের সমাবেশ। —সংবাদ

## ঢাকা কলেজ বন্ধ ঘোষণা ।। ছাত্রদের ছাত্রাবাস ত্যাগের নির্দেশ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আগামী ২২শে জুলাই পর্যন্ত ঢাকা কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে। কর্তৃপক্ষের নির্দেশের পরিপ্রেক্ষিতে আবাসিক ছাত্ররা গতকাল বিকেল ৬টার মধ্যে ছাত্রাবাস ছেড়ে চলে গেছে।

গত সোম ও মঙ্গলবার কলেজে দু'টি ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে একাধিকবার সংঘর্ষ ও ক্ষয়ক্ষতির পর কর্তৃপক্ষ গতকাল দুপুর দু'টায় কলেজ বন্ধ ও ছাত্রাবাস খালি করার নির্দেশ দেন।

গতকাল সকালেও কলেজ ক্যান্টিনে প্রতিপক্ষের হামলায় একজন ছাত্র আহত হয় বলে জানা গেছে।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঢাকা মহানগরী শাখা এক বিবৃতিতে উচ্চ মাধ্যমিক ও অনার্স পরীক্ষার্থীদের কথা চিন্তা করে কলেজ বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানিয়েছে।

## টেকস্ট বুক বোর্ডের সামনে ছাত্র সংগ্রাম পরিষদের অবস্থান ধর্মঘট

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

মাধ্যমিক পর্যায়ে প্রতি বিষয়ে ৩টি বই প্রকাশ এবং বই প্রকাশের দায়িত্ব বেসরকারী খাতে দেয়ার সিদ্ধান্ত বাতিলের দাবীতে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ গতকাল বুধবার টেকস্ট বুক বোর্ড অফিসের সামনে অবস্থান ধর্মঘট করে এবং বোর্ডের চেয়ারম্যানের কাছে স্মারকলিপি দেয়।

অবস্থান ধর্মঘটে রাজধানীর বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীরা যোগ দেয়। ধর্মঘট চলাকালে নাজমুল হক প্রধানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অসীম কুমার উকিল, নাসির-উদ-দুজা, নূর আহমেদ বকুল, বজলুর রশীদ ফিরোজ প্রমুখ ছাত্রনেতা বক্তব্য রাখেন।

স্মারকলিপিতে বলা হয়, সরকারের ওই সিদ্ধান্ত ছাত্রসমাজ ও শিক্ষা ব্যবস্থাকে দুর্যোগের মুখে ঠেলে দেবে।